দৈনিক বাংলা

তারিখ 11 MAY 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

৩৪

# বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বৃহস্পতিবার ঢাকা শহর ও আশেপাশের বিভিন্ন এসএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। খবর বাসসর।

কিভাবে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে তা দেখার জন্য তিনি বিভিন্ন পরীক্ষা হল ঘুরেছেন। মাধ্যমিক শিক্ষা মহাপরিচালক এবং ঢাকার ডেপুটি কমিশনার প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়ো-

শেষ পৃঃ ৭—এর কঃ দ্রঃ

## কাজী জাফর (প্রথম পৃঃ পর)

জিত প্রধানমন্ত্রী শিক্ষক, পরীক্ষা পরিদর্শক ও শিক্ষা প্রশাসকদের সঙ্গে কথা বলেন। তিনি সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠান এবং পরীক্ষা হলের পবিত্রতা রক্ষার ব্যাপারে সরকারের দৃঢ় প্রত্যয়ের কথা আবার উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার অঙ্গনকে অসৎ পন্থার অভিশাপ মুক্ত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

### প্রাথমিক শিক্ষা উপদেষ্টা

বাসসর আর এক খবরে জানা যায়, প্রেসিডেন্টের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সংক্রান্ত উপদেষ্টা আলহাজ মনসুর আলী সরকার বৃহস্পতিবার ধামরাই ও সাভারে একাধিক এসএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকরেছেন।

পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের ব্যাপারে সরকারের দৃঢ় প্রত্যয়ের নীতির প্রতি অবিচল থাকার জন্য তিনি পরীক্ষা পরিদর্শক ও প্রশাসনের সদস্যদের প্রতি আহবান জানান।